# উপজেলা পরিষদ কার্যালয়
## পলাশ, নরসিংদী।

| শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন |
|---|

## পলাশ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সৈয়দ জাবেদ হোসেন।<br>চেয়ারম্যান , পলাশ উপজেলা পরিষদ, নরসিংদী। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পলাশ, নরসিংদী। |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৪-০৬-২০২২, সকাল ১০.৩০ ঘটিকা। |

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ

| উপস্থিত সদস্যগণের তালিকা | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। | ১৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৬. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৪. | চেয়ারম্যান, জিনারদী ইউনিয়ন পরিষদ। | ১৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৫. | চেয়ারম্যান, ডাংগা ইউনিয়ন পরিষদ। | ১৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৬. | চেয়ারম্যান, চরসিন্দুর ইউনিয়ন পরিষদ। | ২০. | উপজেলা সহকারী প্রোগ্রামার, পলাশ, নরসিংদী। |
| ৭. | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ। | ২১. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৮. | রাহেলা বেগম অনু ,সদস্য, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ২২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৯. | উপজেলা কৃষি কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,পলাশ, নরসিংদী। |
| ১০. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৪. | উপজেলা সমবায় কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ১১. | উপজেলা মৎস্য কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৫. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), পলাশ, নরসিংদী। |
| ১২. | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৬. | উপজেলা বন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, পলাশ, নরসিংদী। | ২৭. | উপজেলা সমন্বয়কারী (এবাএখা), পলাশ, নরসিংদী। |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৮. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে, উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, সভা পরিচালনা করেন।

অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নে বর্ণিত বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। বিভাগীয় আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার ঃ উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, তার দপ্তরের দুঃস্থ্য মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির আওতায় প্রত্যেক উপকারভোগী নারী প্রতিমাসে ৩০ কেজি করে চাল দুই বৎসর ব্যাপী পেয়ে থাকে। এ প্রকল্পের আওতায় বর্তমান অর্থবছরে ১,২৫১ জনের মাঝে মোট ৪৫০.৩৬ মে:টন চাল বিতরণ করা হয়েছে।<br>এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ইউনিয়ন/পৌরসভা থেকে নির্বাচিত দরিদ্র ও অসহায় গর্ভবতি মা'কে প্রতিমাসে ৮০০/- টাকা হারে ৩ বছর ব্যাপী ভাতা প্রদান করা হয়ে থাকে। বর্তমান অর্থবছরে এ কর্মসূচির আওতায় ১,৪৯১ জন উপকারভোগীর মাঝে মাসিক ৮০০/- টাকা করে বিতরণ করা হচ্ছে।<br>এছাড়া, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান কার্যক্রমে ২টি ট্রেডে (১. ফ্যাশন ডিজাইন, ২.বিউটিফিকেশন) ২৫ জন করে ৩ মাস মেয়াদে প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ চলাকালীন প্রতিদিন ২০০/- হারে ভাতা প্রদান করা হয়ে থাকে। এ প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>এছাড়া, উপজেলার ৪টি ইউনিয়ন ও ঘোড়াশাল পৌরসভায় ১টি সহ মোট ৫টি কিশোর-কিশোরী ক্লাবের মাধ্যমে কিশোর-কিশোরীদের ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক জেন্ডার ভিত্তিক বৈষম্য দুর ইত্যাতি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয়ে থাকে। প্রতিটি ক্লাবের সদস্য সংখ্যা মেয়ে ২০ জন ও ছেলে ১০ জন মোট ৩০ জন। প্রতিটি ক্লাবে সপ্তাহিক ক্লাসে নিয়মিত নাস্তা সরবরাহ করা হয়ে থাকে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভায় জানান। | বিভাগীয় স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পলাশ, নরসিংদী। |

উপজেলা প্রকৌশলী ঃ আলোচনা-১ ঃ সভায় উপজেলা প্রকৌশলী ২০২১-২২ অর্থ বৎসরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় নিম্নে বর্ণিত স্কীমটির সংশ্লিষ্ট দপ্তর হইতে কার্য সম্পাদনের প্রত্যয়নের ভিত্তিতে বিল পরিশোধের জন্য আলোচনা করেন।

| উপ-প্রকল্প নম্বর | স্কীমের নাম | চুক্তি মূল্য (ভ্যাট ও কর সহ) | নীট বিলের টাকা (ভ্যাট ও কর ব্যতীত) |
|---|---|---|---|
| INF-2019-20-306863-04) | মাঝেরচর আশ্রয়ন প্রকল্পের উত্তর পার্শ্ব হইতে আবুল মোক্তারের বাড়ি পর্যন্ত জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেন নির্মাণ। | ২২,৩৩,৫১৫.৫০/- | ১৯,৯৮,৯৮২/- |

১। সভায় বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট দপ্তর হইতে কার্য সম্পাদনের প্রত্যয়নের ভিত্তিতে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা প্রকৌশলী, পলাশ, নরসিংদী।

আলোচনা-২ ঃ সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে উন্নয়ন সংশোধিত বাজেটে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় বাংলাদেশ জাতীয় সংসদের নরসিংদী-২ আসনের আওতাধীন বিভিন্ন ইউনিয়নের উন্নয়নের জন্য ৩০ লক্ষ টাকা উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের ০১ জুন/২০২২ তারিখের স্মারক নং ৪৬.০২.০০০০.০১৮.০২.০১১.২২-৩৪৪ মারফত ১৫,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ পত্রের নির্দেশনা মোতাবেক নরসিংদী-২ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব ডাঃ আনোয়ারুল আশরাফ খান মহোদয়ের সাথে পরামর্শক্রমে নিম্নে বর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করার প্রস্তাব পাওয়া যায়। সভায় প্রস্তাবনা নিয়ে বিস্তারিত আলোচনা করে নিম্নের প্রকল্পসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্র: নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ (টাকা) | বাস্তবায়ন পদ্ধতি | খাত |
|---|---|---|---|---|
| ০১. | চরসিন্দুর বাজার আশ্রমের ঘর হইতে বিশ্বরোড পর্যন্ত রাস্তা সংস্কার করণ। | ৮,০০,০০০/- | RFQ | ইউনিয়ন পরিষদ সহায়তা |
| ০২. | (ক) দক্ষিণ পারুলিয়া ইটা সলিং হইতে দক্ষিণ দিকে সাদিমানের বাড়ি পর্যন্ত রাস্তায় ইটা সলিং করণ।<br>(খ) সানের বাড়ী ব্রীজের পার্শ্ব হইতে পশ্চিম দিকে সুভাষের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটা সলিং করণ।<br>(গ) পন্ডিতপাড়া শাজাহানের ছ-মিলের পার্শ্ব হইতে পলাশ থানার পার্শ্বে পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ। | ৭,০০,০০০/- | RFQ | ইউনিয়ন পরিষদ সহায়তা |

২। সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত স্কিমসমূহ RFQ পদ্ধতিতে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করার জন্য অনুরোধ জানানো হয়।

ঐ

আলোচনা-৩ ঃ সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে গত ২৪/০১/২০২২ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ মাসিক সভায় নিম্নে বর্ণিত স্কীমটি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। সে মোতাবেক গত ৩০/০৫/২০২২ খ্রিঃ তারিখে দরপত্র আহ্বানপূর্বক কার্যাদেশ দেওয়া হয়। কার্যাদেশ প্রাপ্তির পর নির্বাচিত ঠিকাদার মেসার্স তাহসান ট্রেডার্স, গাবতলী, পলাশ, নরসিংদী কাজ সমাপ্ত করে ২২/০৬/২০২২ খ্রিঃ তারিখে চূড়ান্ত বিল দাখিল করেন। কিন্তু বিল পরিশোধকালে দেখা যায় ২০২১-২২ অর্থ বৎসরে সংশ্লিষ্ট খাতে বরাদ্দ কম রয়েছে বিধায় দাখিলকৃত চূড়ান্ত বিলের =১,৩৪,০০০/- (এক লক্ষ চৌত্রিশ হাজার) টাকা আংশিক বিল (Part Bill) প্রদান করা হয়েছে। প্রকল্পটির বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্র:নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | চুক্তিমূল্য | কার্যাদেশ প্রদানের তারিখ | কাজ সমাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | জিনারদী ইউনিয়নে দক্ষিণ পারুলিয়া ফয়সাল প্রধানের বাড়ীর দক্ষিণ পার্শ্বে রাস্তার দুই পাশে প্যালাসেটিং করণ। (গ্রুপ নং-১০) | ৩,০০,০০০/- | ২,৯৯,২৮৬/- | ০২/০৬/২২ | ২২/০৬/২২ | এডিপি'র বরাদ্দ |

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত কাজের চূড়ান্ত বিলের অপরিশোধিত =১,৬৬,০০০/- (এক লক্ষ ছিষট্টি হাজার) টাকা ২০২২-২৩ অর্থ বৎসরের উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দ হইতে ব্যয়ভার মিটানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা প্রকৌশলী, পলাশ, নরসিংদী।

| | | |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার সভায় জানান, বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১জন হৃদরোগ বিশেষজ্ঞ ও ১ জন দাঁতের ডাক্তার নিয়মিত বসেন। ফিলিং ও রুট ক্যানেল বাদে দাঁতের সব ধরণের চিকিৎসা প্রদান করা হয়। এছাড়া বর্তমানে ডায়বেটিস রোগীদেরও চিকিৎসা সেবা দেয়া হয়। বর্তমানে হাসপাতালে নতুন আরও ৪ জন মিডওয়াইফ যোগদান করেছেন। আগে ছিল ২ জন। মিডওয়াইফদের কাজ হচ্ছে বাচ্চা ডেলিভারি করানো। গত মাসে ২৩ টি নরমাল ডেলিভারি ও ১৯ টি সিজার করানো হয়েছে। ইতিমধ্যে সরকারি নির্দেশনা মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ৩টি অনুমোদনহীন ডায়গনস্টিক সেন্টার বন্ধ করে দেওয়া হয়েছে। বর্তমানে পলাশে লাইসেন্স প্রাপ্ত ৯টি ডায়গনস্টিক সেন্টার ও ৬টি ক্লিনিক রয়েছে । এছাড়া ১৫-১৯ জুন/২০২২ পর্যন্ত ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের ভিটামিন "এ" ক্যাপসুল খাওয়ানো হবে। ১২-১৮ বছর বয়সীদের ফাইজারের করোনার টিকা প্রদান অব্যাহত রয়েছে বলে তিনি সভায় উল্লেখ করেন। | বিভাগীয় স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার,পলাশ, নরসিংদী। |
| উপজেলা সমাজসেবা অফিসার ঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। নতুন করে বিভিন্ন ভাতার বরাদ্দ এসেছে ১৪৬১ জনের। আবেদনপত্র যাচাই-বাছাই করে ১৪৬১ জনই পাওয়া গিয়েছে। বর্তমানে পলাশ উপজেলায় প্রতিবন্ধি ভাতা, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও অনগ্রসর জনগোষ্ঠী ভাতা সব মিলিয়ে মোট ১২৬০৮ জনকে ভাতার আওতায় আনা হয়েছে। এছাড়া, বীর মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন ক্ষুদ্রঋণ কার্যক্রমে অত্র উপজেলায় মোট ১৮,২৬,৩৫০/- টাকা বকেয়া পাওনা রয়েছে। যার বেশির ভাগই বেশ পুরোনো বকেয়া। করোনা মহামারির কারণে গত ২ বছর যাবৎ ঋণের কিস্তি/বকেয়া আদায় বন্ধ ছিল। কিন্তু বর্তমানে ঋণের কিস্তি/বকেয়া আদায়ের বিষয়ে নির্দেশনা রয়েছে। তিনি ঋণের বকেয়া পাওনা আদায়ের বিষয়ে প্রশাসনিক হস্তক্ষেপ কামনা করেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে ঋণ খেলাপিদের তালিকা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। ভবিষ্যতে ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে ঋণ গ্রহীতার বিষয়ে অবগত করানোর বিষয়ে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার,পলাশ, নরসিংদী। |
| উপজেলা শিক্ষা অফিসার ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ভিরিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দড়িচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪ কক্ষ বিশিষ্ট নতুন ভবন নির্মাণের কাজ চলছে। এর মধ্যে ভিরিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের কাজ ৮০% ও দড়িচর প্রাথমিক বিদ্যালয়ের কাজ ৭০% সম্পন্ন হয়েছে। এছাড়া, ২০২১-২২ অর্থ বছরে অত্র উপজেলার ১৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাইনর মেরামত বাবদ ২ লক্ষ টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। মাঝেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩টি ভবনের মধ্যে ১টি আধাপাকা ভবনসহ মোট ৮টি বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবন নিলামের জন্য প্রাক্কলন প্রস্তুতের জন্য বিগত ফেব্রুয়ারি/২০২২ মাসে উপজেলা প্রকৌশলী, পলাশ বরাবর চিঠি প্রদান করা হয়। কিন্তু অদ্যবধি প্রাক্কলন প্রস্তুত সম্পন্ন হয়নি। উক্ত ৮টি বিদ্যালয়ের প্রাক্কলন বিষয়ে পরবর্তীতে উপজেলা প্রকৌশলীর সাথে যোগাযোগ করা হলে তিনি এক সপ্তাহের মধ্যে প্রাক্কলন প্রস্তুত করে পাঠাবেন বলে মৌখিকভাবে জানান। মাঝেরচর সঃ প্রাঃ বিদ্যালয়ের পাকা জরাজীর্ণ ভবনসহ মোট ৮টি বিদ্যালয়ের মেজর মেরামতের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর বিগত মার্চ/২০২২ সনে প্রস্তাব পাঠানো হলেও বরাদ্দ পাওয়া যায়নি। বিগত ০৯/০৬/২০২২ তারিখে পূণরায় উক্ত ৮টি বিদ্যালয়ে মেজর মেরামতের জন্য চিঠি প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া, চলতি জুন/২০২২ মাসে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি প্রদান করা হবে বিধায় ২০২১-২২ অর্থ বছরের সুবিধাভোগী শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি কাজ চলছে। তিনি আরও জানান যে, বঙ্গবন্ধু গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট/২০২২ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট/২০২২ এর বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ১৯ থেকে ২৩-জুন/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ের খেলা সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। ইতিমধ্যে ইউনিয়ন পর্যায়ের খেলা চলমান রয়েছে। আগামী ২২/০৬/২০২২ খ্রিঃ তারিখে উপজেলা পর্যায়ের ফাইনাল খেলার তারিখ নির্ধারণ করা হয়েছে। | বিদ্যায়ল ভবন নির্মাণের কাজ সঠিক তদারকি ও দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী পলাশ, নরসিংদী। |
| চেয়ারম্যান, চরসিন্দুর ইউপি ঃ চরসিন্দুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান, চরসিন্দুর ইউনিয়নের কাউয়াদী গ্রামে আশ্রয়ন প্রকল্পের ১২টি নতুন ঘর নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে। কয়েকটি ঘরে শুধু রংয়ের কাজ বাকি রয়েছে। আশ্রয়ন প্রকল্পে বিদ্যুত সংযোগ না থাকায় ৮টি ঘরের কাজ পিছিয়ে রয়েছে। তাই কাউয়াদী আশ্রয়ন প্রকল্পে দ্রুত পল্লী বিদ্যুতের নতুন সংযোগ প্রদানের জন্য তিনি ডিজিএম, পল্লী বিদ্যুৎ-এর কাছে অনুরোধ জানান। এ বিষয়ে পল্লী বিদ্যুতের ডিজিএম তার বক্তব্যে জানান যে, যেহেতু নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করতে গেলে নিয়মানুযায়ী একজন গ্রাহকের নাম ব্যবহার করতে হয়। এক্ষেত্রে আশ্রয়ন প্রকল্পে বসবাসকারীর মধ্য হতে যে কোন একজনের নামে অথবা চরসিন্দুর চেয়ারম্যানের নামে নতুন বিদ্যুত সংযোগ প্রদান করা যেতে পারে। | যেহেতু আশ্রয়ন প্রকল্প সবচেয়ে বড় অগ্রাধিকার তাই কাউয়াদী আশ্রয়ন প্রকল্পে চরসিন্দুর ইউপি চেয়ারম্যান এর নামে অতি দ্রুত পল্লী বিদ্যুতের নতুন সংযোগ প্রদানের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ এর প্রতি অনুরোধ জানানো হয়। | ডিজিএম, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, ঘোড়াশাল, পলাশ, নরসিংদী। |

| | | | |
|---|---|---|---|
| | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সভায় জানান, পলাশ উপজেলায় পল্লী বিদ্যুৎ সমিতির গ্রাহকদের কাছ থেকে বিদ্যুৎ বিল বকেয়া পাওনা রয়েছে প্রায় ১৪ কোটি টাকা। ইতিমধ্যে ১২ কোটি টাকা বকেয়া আদায় হয়েছে। বাকি ২ কোটি বকেয়া আদায়ে একটু সমস্যা হচ্ছে। সরকারি বিভিন্ন দপ্তরেও কিছু বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। তিনি দপ্তর ভিত্তিক বকেয়ার তালিকা সভায় উপস্থাপন করেন। চলতি জুন/২০২২ মাসের মধ্যে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য তিনি সভায় উপস্থিত দপ্তর প্রধানগণের প্রতি অনুরোধ জানান। | চলতি জুন/২০২২ মাসের মধ্যে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য দপ্তর প্রধানগণের প্রতি অনুরোধ জানানো হয়। | বিভাগীয় প্রধান (সকল), পলাশ, নরসিংদী। |
| ৪। বিবিধ ঃ | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার ব্যারাক ও কোয়ার্টার নং পি-৫ এর পানির পাম্প অকেজো হয়ে যাওয়ায় সংশ্লিষ্ট বসবাসকারীগণ পানির জন্য কষ্ট করছেন। তিনি বিষয়টি সরেজমিনে দেখেছেন বলে সভায় জানান। এমতাবস্থায়, জরুরী প্রয়োজনে স্থানীয় বাজার হতে বর্তমান বাজার মূল্যে সাবমারসিবল পাম্প ও আনুসংগিক মালামাল ক্রয় করে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি গঠন করে উক্ত কমিটির মাধ্যমে পানির সমস্যা দ্রুত সমাধান করা দরকার বলে তিনি সভায় জানান । | উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার ব্যারাক ও কোয়ার্টার নং পি-৫ এর পানির সমস্যা সমাধানের লক্ষ্যে জরুরী ভিত্তিতে সাবমারসিবল পাম্প ও আনুসংগিক মালামাল ক্রয় করে স্থাপনের জন্য কমিটি গঠন করে কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। |
| | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ মাজেদুল হক এর চাকুরীকাল ১৭/০৫/২০২২ খ্রিঃ তারিখে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় তিনি বিধিমতে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ লিখিত আবেদন করেন। এস.আর.ও নং ৩৭০-আইন/জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুচ্ছেদ ৭ এর (১) অনুযায়ী এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ শাখা এর ২১/০৯/২০১৬ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং স্মারকের পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপানুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক উক্ত কর্মচারী উচ্চতর গ্রেড প্রাপ্য। এমতাবস্থায়, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাকে ১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেডে (১০,২০০-২৪৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১,০০০-২৬,৫৯০/- টাকার বেতনক্রমে) উচ্চতর গ্রেড মঞ্জুর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে পলাশ উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সাঁটমুদ্রাক্ষরিক-কাম - কম্পিউটার অপারেটর জনাব মোঃ মাজেদুল হক এর চাকুরীকাল ১৭/০৫/২০২২ খ্রিঃ তারিখে সন্তোষজনকভাবে ১০ (দশ) বৎসর পূর্ণ হওয়ায় জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী তাকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানপূর্বক (১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেডে) উচ্চতর গ্রেড স্কেল মঞ্জুর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। |

এছাড়া সভায় উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের নিজ-নিজ বিভাগের কার্যক্রম এর বিষয়ে জানান যে তাঁদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। শেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪।০৬।২২

সৈয়দ জাবেদ হোসেন
চেয়ারম্যান
পলাশ উপজেলা পরিষদ
নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২২-৬৩২/১ তারিখ ঃ ১৪-০৬-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নরসিংদী।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।

২৪.০৬।২২

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ ,নরসিংদী।

রক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২২- ৩৩২/১ তারিখ ঃ ১৪-০৬-২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।

২। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।

৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।

৪। উপজেলা ............................................... (সকল) কর্মকতা, পলাশ, নরসিংদী।

৫। চেয়ারম্যান ....................................... (সকল) ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী।

৬। জনাব ....................................................................... পলাশ, নরসিংদী।

১৪/০৬/২২

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ ,নরসিংদী।